

সর্বাধুনিক IP নেটওয়ার্কের আওতায় শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ইন্টারনেট ভিত্তিক আইপি এ্যাড্রেসের সর্বাধুনিক ভার্সন IPv6 এ দেশের প্রথম কোন বিশ্ববিদ্যালয় হিসেবে সংযুক্ত হলো শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি)। ৯ নভেম্বর, ২০১৯ইং বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার ও তথ্য কেন্দ্রে IPv6 ভিত্তিক নেটওয়ার্ক সংস্থাপন ও রক্ষনাবেক্ষন সংক্রান্ত দুই দিন ব্যাপী কর্মশালা সফলভাবে সম্পন্ন হয়। ১০ই নভেম্বর সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার ও তথ্য কেন্দ্রে আয়োজিত সাংবাদিকদের সাথে এক আলোচনা সভায় উপস্থিত ছিলেন আইআইসিটির পরিচালক এবং কম্পিউটার ও তথ্য কেন্দ্রের ভারপ্রাপ্ত পরিচালক অধ্যাপক ড. মো. শহিদুর রহমান, আইটি ম্যানেজার মো. এএসএম খায়রুল আক্তার চৌধুরী, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর ডাটা সেন্টার অপারেসন্স ম্যানেজার মো. আব্দুল আউয়াল, রয়েল গ্রীন লিমিটেডের আইটি ম্যানেজার ও কোর অপারেসন্স নজরুল ইসলাম এবং কম্পিউটার ও তথ্য কেন্দ্রের অন্যান্যরা।

ইন্টারনেটে দুনিয়ার তথ্য এক জায়গা থেকে আরেক জায়গায় গ্রহন এবং প্রেরণ করার জন্য একটি নির্দিষ্ট ঠিকানা বা অ্যাড্রেস এর প্রয়োজন হয়। আর এই নির্দিষ্ট অ্যাড্রেসটিই হলো আইপি অ্যাড্রেস বা “ইন্টারনেট প্রোটোকল অ্যাড্রেস” (Internet Protocol Address)। বর্তমানে ২ ধরনের আইপি এ্যাড্রেস ব্যবহার করা হয়। সেগুলো হল IPv4 এবং IPv6। আর বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শাবিই প্রথম এ সিস্টেমের আওতায় আসলো।

IPv4 কেবল মাত্র চার বিলিয়ন ইউনিক আইপি জেনারেট করতে পারে। প্রথমবার যখন এই IPv4 সিস্টেম বানানো হয়েছিলো তখন হয়তো এটা ধারণাই করা হয়নি যে বিশ্বে ইন্টারনেট ব্যবহারকারী এতোটা বেড়ে যাবে। আর এজন্যই এক নতুন সিস্টেম উন্নতকরণ হয়েছে, যার নাম হলো IPv6। এই সিস্টেমের মাধ্যমে প্রত্যেকটি মানুষের কাছে যদি কয়েক লাখ ডিভাইজও থাকে তবেও ইউনিক অ্যাড্রেস ব্যবহার করে শেষ করা সম্ভব হবে না। তাছাড়া, আমাদের বাসাবাড়িতে বিভিন্ন প্রযুক্তির ব্যবহারের বৃদ্ধির ফলে নতুন নতুন আইপি এ্যাড্রেসের প্রয়োজন হচ্ছে। যেটা IPv6 এর মাধ্যমে সরবরাহ করা সম্ভব। আর শাবি এ এ্যাড্রেসের আওতায় আসায় আমাদের বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন প্রযুক্তির জন্য আইপি এ্যাড্রেসের সমস্যা হবে না। এছাড়া সেন্সর, আইওটি এবং রোবোটিক ভিত্তিক বিভিন্ন প্রজেক্টের আইপি এ্যাড্রেস নিয়ে সমস্যা হবে না।